

Publication	Swabhumi
Date	28th March, 2012
Headline	Modern hospital in Durgapur
Page no.	02

# স্বভূমি

২৮ মার্চ ২০১২, বুধবার, স্বভূমি

পুরোভাগে দেবী শেঠী

## দুর্গাপুর আধুনিক হাসপাতাল

কলকাতা, ২৭ মার্চ: দুর্গাপুরের ১০০ একর জমিতে তৈরি হচ্ছে আইকিউ সিটি হেলথ অ্যান্ড নলেজ ক্যাম্পাস। তিনটি পর্যায়ে গড়ে উঠবে ক্যাম্পাস। প্রথম পর্যায়ে এই ক্যাম্পাসে গড়ে উঠতে চলেছে একটি আধুনিকমানের হাসপাতাল। এই হাসপাতালের সবচেয়ে বড় বিশেষত্ব হল এর সঙ্গে সরাসরি যুক্ত থাকবেন হৃদরোগ বিশেষজ্ঞ দেবী প্রসাদ শেঠী।

দেবী শেঠী ও তাঁর সংস্থা নারায়ণ হৃদয়ালয় এই হাসপাতালের মাধ্যমে পশ্চিমবঙ্গের জেলাগুলিতে স্বল্প খরচে অত্যাধুনিকমানের চিকিৎসা ব্যবস্থা পৌঁছে দেবেন। হার্ট ক্যানসার, অস্ত্রোপচার, ট্রান্সপ্লান্টেশন-সহ সব ধরনের চিকিৎসা মিলবে নতুন হাসপাতালে।

প্রাথমিক পর্যায়ে ৪ লক্ষ বর্গফুট জমিতে গড়ে উঠবে এই হাসপাতাল। এর শয্যা সংখ্যা হবে ৩০০। প্রথম পর্যায়ে এই ক্যাম্পাসে হাসপাতাল ছাড়াও তৈরি হবে একটি মেডিক্যাল কলেজ। যাতে ১৫০ জন ছাত্র

ডাক্তারি পড়তে পারবেন। গড়ে উঠবে ১২০ আসনের নার্সিং কলেজেও। বসড়া পরিকল্পনায় ক্যাম্পাসে একটি হসপিটাল ম্যানেজমেন্ট কলেজ গড়ে তোলার কথাও বলা হয়েছে।



প্রকল্পের বাকি দুটি পর্যায়ে গড়ে উঠবে একটি ডেন্টাল কলেজ, একটি প্যারা মেডিক্যাল কলেজ, একটি ফার্মা কলেজ ও একটি সহযোগী স্বাস্থ্য বিজ্ঞান কলেজ। আইকিউ সিটি হেলথ অ্যান্ড নলেজ ক্যাম্পাস নিয়ে পুরো উদ্যোগটির পিছনে রয়েছে সিনার্জি, এসপিএস এবং মানি গোষ্ঠী।

প্রকল্পটির সঙ্গে সরাসরি নিজেকে যুক্ত রাখছেন দেবী শেঠীও। বা পশ্চিমবঙ্গের জেলাবাসীর কাছে এক বড় খবর। দেবী শেঠী এই হাসপাতাল সম্পর্কে জানান, সাধারণ মানুষকে স্বল্প খরচে চিকিৎসা পৌঁছে দিতেই এই বৃহৎ উদ্যোগে সামিল হয়েছেন তিনি ও তাঁর সংস্থা।